

গাজীপুরের টঙ্গীতে স্কুলের ড্রেস পরা অবস্থায় ছাত্রীদের ধূমপানের ভিডিও ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে। এ ঘটনায় চার ছাত্রীকে মৌখিকভাবে বহিষ্ঠার করেছে স্কুল কর্তৃপক্ষ। তারা সবাই টঙ্গীর সফিউন্দিন সরকার একাডেমি অ্যান্ড কলেজের অষ্টম শ্রেণির শিক্ষার্থী।

জানা গেছে, ভিডিওটি ভাইরাল হলে গত ২০ এপ্রিল তা স্কুল কর্তৃপক্ষের নজরে আসে। কিন্তু তখন স্কুল বন্ধ থাকায় ওই ছাত্রীদের বিরচক্রে কোনো শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া সম্ভব হয়নি। ঈদের ছুটি শেষে স্কুল খোলা হলে গত ১০ মে ওই

চার শিক্ষার্থীর অভিভাবকদের ডেকে আনেন বিদ্যালয়ের অধ্যক্ষ মনিরজ্জামান। পরে ওই চার ছাত্রীকে বহিষ্ঠারের সিদ্ধান্তটি অভিভাবকদের মৌখিকভাবে জানিয়ে দেওয়া হয়। পরবর্তীতে স্কুল থেকে ট্রান্সফার সার্টিফিকেট নিয়ে যেতেও বলা হয়।

অধ্যক্ষ মো. মনিরজ্জামান বলেন, অভিভাবকদের ডেকে এনে চার ছাত্রীকে মৌখিকভাবে স্কুলে না আসার জন্য নিষেধ করা হয়েছে। বিষয়টি গাজীপুর শিক্ষাসংশ্লিষ্ট কর্মকর্তাদেরও অবহিত করা হয়েছে।

গাজীপুর জেলা শিক্ষা কর্মকর্তা রেবেকা সুলতানা বলেন, ছাত্রীদের ধূমপানের বিষয়টি সম্পর্কে আমি অবগত নই। ওই প্রতিষ্ঠানের অধ্যক্ষের সঙ্গে আলাপ করে খোঁজ নিয়ে ব্যবস্থা নেওয়া হবে।

এ বিষয়ে টঙ্গী পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ আলম বলেন, ধূমপানের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার কথা শুনেছি। তবে এখন পর্যন্ত থানায় কেউ লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

1
Shares